

## 💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা ও সালাত [নামাজ] রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-ক্লাহত্বানী

১৪. মসজিদ থেকে বের হওয়ার দো'আ

২১- বাম পা দিয়ে শুরু করবে[1] এবং বলবে,

«بِسْمِ اللَّهِ وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ، اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ فَضْلِك، اللَّهُمَّ اعْصِمْنِي مِنَ الشَّيْطَانِ الرَّجِيم».

(বিস্মিল্লা-হি ওয়াস্সালা-তু ওয়াস্সালা-মু 'আলা রাসূলিল্লাহ, আল্লা-হুম্মা ইয়ী আসআলুকা মিন ফাদ্বলিকা, আল্লা-হুম্মা আ'সিমনি মিনাশ শাইত্বানির রাজীম।)

"আল্লাহ্র নামে (বের হচ্ছি)। আল্লাহ্র রাসুলের উপর শান্তি বর্ষিত হোক। হে আল্লাহ! আপনি আমার গুনাসমূহ মাফ করে দিন এবং আমার জন্য আপনার দয়ার দরজাগুলো খুলে দিন। হে আল্লাহ, আমাকে বিতাড়িত শয়তান থেকে হেফাযত করুন"[2]।

## ফুটনোট

- [1] আল-হাকিম, ১/২১৮; বাইহাকী, ২/৪৪২, আর শাইখ আলবানী তার সিলসিলাতুস সহীহায় একে হাসান হাদীস বলেছেন, ৫/৬২৪, নং ২৪৭৮। আর সেটার তাখরীজ পূর্বে গত হয়েছে।
- [2] মসজিদে প্রবেশের দো'আয় পূর্বে বর্ণিত হাদীসের রেওয়ায়েতসমূহের তাখরীজ দেখুন, (২০ নং) আর "হে আল্লাহ, আমাকে বিতাড়িত শয়তান থেকে হেফাযত করুন" এ বাড়তি অংশের তাখরীজ দেখুন, ইবন মাজাহ্ ১/১২৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=929

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন